প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে মধ্যরাতে ককটেল বিস্ফোরণ

ছবি: সংগৃহীত

রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। শুক্রবার (৯ অক্টোবর) দিবাগত রাত সোয়া ১টার দিকে মোটরসাইকেলে আসা দুই দুর্বৃত্ত এ বিস্ফোরণ ঘটিয়ে পালিয়ে যায়।

পুলিশ জানায়, এ ঘটনায় কেউ হতাহত হয়নি। ঘটনাস্থল থেকে আরও একটি অবিস্ফোরিত ককটেল উদ্ধার করা হয়। পরে রাত আড়াইটার দিকে পুলিশের বোমা নিষ্ক্রিয়করণ ইউনিট সেটি নিষ্ক্রিয় করে।

পালিয়ে যাওয়া দুই ব্যক্তিকে শনাক্ত ও গ্রেপ্তারে কাজ করছে পুলিশ। এ ঘটনায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে নিরাপত্তা জোরদারের পাশাপাশি যান চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে।

LENS ASIA